Contact http://www.asram.org

সন্ন্যাস
প্রাহরিক উপাসনা

সন্ন্যাস
প্রাহরিক উপাসনা

সাধু বেনেডিক্ট মঠ
২০০৩

এই গ্রন্থ ১৯৭৭ সনে রোমে প্রকাশিত
Thesaurus Liturgiae Horarum Monasticae অনুসারে প্রণীত।

বাইবেল উদ্ধৃতি	পবিত্র বাইবেল - জুবিলী বাইবেল
সাধু বেনেডিক্ট মঠের অনুবাদ
© বাংলাদেশ কাথলিক বিশপ সম্মিলনী, ঢাকা, ১৯৯৯

অনুবাদ ও সম্পাদনা	© সাধু বেনেডিক্ট মঠ
মহেশ্বরপাশা - খুলনা
বাংলাদেশ

Pro Manuscripto

প্রথম প্রকাশ	২১শে মার্চ ১৯৯৩
সাধু বেনেডিক্টের উত্তরণ

দ্বিতীয় প্রকাশ	২৫শে ডিসেম্বর ২০০৩
প্রভুর জন্মোৎসব

উদ্বোধন বাণী

আমাদের পুণ্য পিতা বেনেডিক্ট মণ্ডলীর প্রাহরিক উপাসনার উপর অধিক গুরুত্ব আরোপ করেন—তিনি তাকে 'ঐশকাজ' বলেন। ঐশ বলতে সর্বশ্রেষ্ঠ বোঝায়, সুতরাং ঐশকাজ হল সেই আসল শ্রেষ্ঠ কাজ 'প্রভুর মজুর'(নিয়ম, প্রস্তাবনা ১৪ ; ৭:১০) ব'লে সন্ন্যাসী যা সম্পাদন করতে আহূত। আবার, ঐশ বলতে এমন প্রকার কাজ বোঝায়, যে কাজ মানুষের কাজ নয়, বরং স্বয়ং ঈশ্বরেরই কাজ, অর্থাৎ কিনা সেই ঐশ পরিত্রাণকাজ বোঝায় যা প্রাহরিক উপাসনায় ক্রিয়াশীলভাবে উপস্থিত।

ঐশকাজ দিনের সমস্ত প্রহরগুলি নির্ধারণ করে—সূর্যের প্রথম কিরণে ভূমিতল বিকীর্ণ হওয়ার আগে, রজনীর অন্ধকার আবরণ মিলিয়ে যাওয়ার আগেও সেই ঊষালগ্ন থেকে জাগরণী প্রহরের মধ্য দিয়ে ঐশকাজ সন্ন্যাসীর সময়সূচীতে তাল রাখে আর সেইভাবে সারাদিন ধরে রাত পর্যন্তই করে থাকে—তখন সমাপ্তি অনুষ্ঠান দিনের পালা সমাপ্ত ঘোষণা ক'রে সন্ন্যাসীকে ঐশনিস্তব্ধতায় নিমজ্জিত করে আর তাই করে তাকে চরম জীবনের পাস্কায় অনুপ্রবেশ করায় সে যেন ঈশ্বরের অনির্বচনীয় রহস্যে চিরকালের মত পার হতে পারে।

বিবিধ প্রহর বিন্যাসের ব্যাপারে সাধু বেনেডিক্ট পবিত্র শাস্ত্রের কথা উল্লেখ ক'রে, '৭' এ পুণ্য সংখ্যায় জোর দেন (১৬:১-৫)—এতে তিনি এমন স্বয়ংসম্পূর্ণ প্রার্থনাকাল নির্দেশ করতে চান যাতে সন্ন্যাসীর দিনের সকল মুহূর্ত পুণ্য পবিত্র হয়ে ওঠে।

এরপর পুণ্য পিতা নিয়মের দীর্ঘ একটি অংশে (৮-২০) প্রাহরিক উপাসনার অভ্যন্তরীণ উপাদান পুঙ্খানুপুঙ্খ ভাবেই নির্ধারণ করেন—তাঁর চিন্তা, সন্ন্যাসীর 'ভক্তির সেবা' (১৮:২৪) অধিক উজ্জ্বল হওয়ায় যেন পুরা সামসঙ্গীত-মালা একসপ্তাহ চক্রে সমাপ্ত হয়। তবেই অনুভব করা যায় কেনই বা তিনি নির্দেশ দেন সন্ন্যাসী যেন ঐশকাজের আগে কিছুই স্থান না দেন (৪৩:৩), কেনই বা ঐশকাজের প্রতি তৎপরতা হল সন্ন্যাস-আহ্বান নির্ণয় করার অন্যতম বিচারমান (৫৮:৭), কেনই বা বাক্যটি হল প্রভুভক্তির সবচেয়ে স্পষ্ট অভিব্যক্তি, যার ফলে 'ঐশকাজের আগে কিছুই স্থান না দেওয়া' এবং 'খ্রীষ্টপ্রেমের আগে কিছুই স্থান না দেওয়া' উভয় বাণী পরস্পর পরিপূরক বাণী হয়ে ওঠে।

প্রাহরিক উপাসনা সংক্রান্ত অধ্যায়গুলি সমাপ্ত করতে গিয়ে আমাদের পুণ্য পিতা ইচ্ছা প্রকাশ করেন, সন্ন্যাসীরা যেন ঐশকাজ এমনভাবে পালন করেন যাতে মন কণ্ঠের সঙ্গে এক হয় (১৯:৭)। এই উদ্দেশ্যেই ব্রাদার প্রেমানন্দের সঙ্গে ফাদার কার্লো বাংলাদেশের প্রথম আর বর্তমান একমাত্র বেনেডিক্টিন মঠাশ্রম এই সাধু বেনেডিক্ট মঠকে মজবুত ভিত্তিতে স্থাপন করার জন্য ধর্মীয় কর্তৃপক্ষে অনুমোদিত THESAURUS LITURGIAE HORARUM MONASTICAE অনুসরণ ক'রে কঠোর পরিশ্রম ক'রে প্রশংসনীয় সাফল্যের সঙ্গে **সন্ন্যাস প্রাহরিক উপাসনা** বাঙলা ভাষায় সঙ্কলিত ক'রে জীবনের এই অমূল্য উপায়কে সন্ন্যাসজীবনের এই নবাঙ্কুরের হাতে তুলে দিয়েছেন।

মঠের প্রতিটি সদস্য এবং যাঁরা সন্ন্যাসীদের প্রার্থনায় যোগদান করবেন কিংবা এ পুস্তক ব্যবহার করবেন, তাঁরা সকলে যেন 'প্রাহরিক উপাসনা' দ্বারা এমন উপকার লাভ করেন যেন প্রভুজ্ঞানে ও তাঁর ভালবাসার মধুর অভিজ্ঞতায় বৃদ্ধিশীল হয়ে আপন হৃদয়কে উত্তরোত্তর উদার করতে শেখেন, যাতে আনন্দপূর্ণ অশ্রুসিক্ত সকল মানুষেরই সমস্যা তাঁদের সমবেত প্রার্থনায় গ্রহণ করতে পারেন।

+ব্রুনো মারিন, ওএসবি

উপক্রমণিকা

উপস্থাপনা

'সন্ন্যাস প্রাহরিক উপাসনা' গ্রন্থটি উপস্থাপনা করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। প্রাহরিক উপাসনার বিভিন্ন অংশাবলি একটিমাত্র পুস্তকে সংগৃহীত হওয়ায় আমাদের সমবেত প্রার্থনা যে আরও সহজপাঠ্য হবে এতে সন্দেহের লেশমাত্র নেই—আশা রাখি আরও শ্রদ্ধাপূর্ণও হয়ে উঠবে।

অধিকাংশ বেনেডিক্টিন মঠের মত আমরাও এমন ব্যবস্থা নিরূপণ করেছি, যা অনুসারে সমগ্র সামসঙ্গীত-মালা একসপ্তাহ চক্রে সম্পন্ন করা হয়—এটা নাকি ছিল আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের একান্ত বাসনা (নিয়ম ১৮:২৩)।

সন্ন্যাসী হিসাবে আমরা যাঁর অন্বেষণ করার ব্রত নিয়েছি, সেই প্রভু পরমেশ্বর আশীর্বাদ করুন, যাতে এই পুস্তকের মধ্য দিয়ে আমাদের জীবনে ঐশকাজের প্রাধান্য প্রমাণিত হয় (নিয়ম ৪৩:৩)। একইসঙ্গে আমাদের উপাসনা যেন 'সতেজ ও জীবন্ত সঙ্ঘের একটি চিহ্ন ও সাক্ষ্য হয়ে দাঁড়ায়' ('প্রাহরিক উপাসনা' সংক্রান্ত সাধারণ ভূমিকা, ২৭৩ নং)।

এ গ্রন্থের সাধারণ বৈশিষ্ট্য ও কাঠামো

গ্রন্থটির কাঠামো এরূপ :

১। **সূচনা ও বিদায়।** সকল প্রহরের জন্য একই হওয়ায় এ অংশ দু'টো গ্রন্থের শুরুতে স্থান পেয়েছে। পঞ্জিকা, সঙ্কেতাবলির অর্থ ইত্যাদি উপাদান এখানে পাওয়া যায়।

২। **পঞ্চপূজনকাল।** আগমনকাল, জন্মোৎসবকাল, তপস্যাকাল, পাস্কাকাল ও সাধারণকাল—এ পাঁচটি কাল পঞ্চপূজনকালে অন্তর্ভুক্ত। সমাপ্তি অনুষ্ঠান এইখানে, সাধারণকালের সাপ্তাহিক ব্যবস্থা শেষে, পাওয়া যায়।

৩। **সামসঙ্গীত ও গীতিকামালা।** কদণ্রটলরল্ল-এ প্রস্তাবিত ধুয়োগুলির অপেক্ষা, স্থানে স্থানে অন্য ধুয়ো বেছে নেওয়া হল। ধুয়ো শেষে ব্রেকেটের মধ্যকার 'আল্লেলুইয়া' কেবল পাস্কাকালেই বলতে হবে। বিবিধ প্রহরে কোন্ কোন্ সামসঙ্গীত বা গীতিকা বলতে হয়, তা 'পরিশিষ্টে' দেওয়া কতিপয় ব্যবস্থার উপরে নির্ভর করে।

৪। **সাধুসাধ্বীর পর্বোদ্‌যাপন।** এ ক্ষেত্রে দু'টো অংশ লক্ষণীয় : বিশেষ এবং সাধারণ ব্যবস্থা।

–**বিশেষ ব্যবস্থায়** স্থান পেয়েছে সকল মহাপর্ব, পর্ব ও স্মরণ—মাসক্রমে জানুয়ারী থেকে শুরু ক'রে।

–**সাধারণ ব্যবস্থায়** অন্যান্য প্রয়োজনীয় সাধারণ উপাদান উপস্থিত। ধুয়ো শেষে ব্রেকেটের মধ্যকার 'আল্লেলুইয়া' কেবল পাস্কাকালেই বলতে হবে।

৫। **মৃত ভক্তদের প্রাহরিক উপাসনা-ব্যবস্থা**

৬। **পরিশিষ্ট।** এই অংশে বিভিন্ন প্রয়োজনীয় বিষয় সঙ্কলিত যথা, সামসঙ্গীতমালার বিবিধ ব্যবস্থা, যাতে রোমীয় ব্যবস্থাও পালন করা যেতে পারে।

সাধুসাধ্বীর মহাপর্ব, পর্ব ও স্মরণে স্বীয় স্বীয় ব্যবস্থা

মহাপর্ব

১। সাধুসাধ্বীর বিশেষ এবং (প্রয়োজন হলে) সাধারণ ব্যবস্থাই অবশ্য পালনীয়।
২। প্রাহরিক উপাসনা ১ম সন্ধ্যারতি নিয়ে শুরু হয়।
৩। জাগরণীতে ৩টি পর্ব পালনীয়। নিশিজাগরণী অনুষ্ঠিত না হলে সমাপ্তি অনুষ্ঠান উদ্‌যাপিত হবে।
৪। ১ম ও ২য় সন্ধ্যারতির পরবর্তী সমাপ্তি অনুষ্ঠান রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

পর্ব

১। সাধুসাধ্বীর বিশেষ এবং (প্রয়োজন হলে) সাধারণ ব্যবস্থাই অবশ্য পালনীয়।
২। যথাস্থানে উল্লিখিত ব্যতিক্রম ছাড়া পর্বের ১ম সন্ধ্যারতি নেই।
৩। জাগরণীতে ৩টি পর্ব পালনীয়। নিশিজাগরণী অনুষ্ঠিত না হলে সমাপ্তি অনুষ্ঠান উদ্‌যাপিত হবে।

স্মরণ

১। জাগরণী, প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির ব্যবস্থা এইরূপ :

ক। যথাস্থানে উল্লিখিত ব্যতিক্রম ছাড়া ধুয়োসহ সামসঙ্গীতমালার ব্যবস্থা সপ্তাহের দিনটির ব্যবস্থা অনুসারে।

খ। আহ্বান সঙ্গীতের ধুয়ো, স্তোত্র, বাণী পাঠ, জাখারিয়া ও কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো এবং মিনতি নিবেদন বিশেষ হলে, সেগুলোই

ব্যবহারযোগ্য। বিশেষ না হলে, তবে সাধারণ ব্যবস্থা কিংবা সপ্তাহের দিনটির বিবিধ অংশগুলি ব্যবহারযোগ্য।

গ। জাগরণীতে ২টো পর্ব পালনীয়। ১ম পর্বের বাণী পাঠ সপ্তাহের দিনটি অনুসারে; ২য় পর্বে বিশেষ শ্লোকসহ বিশেষ পাঠ থাকলে, তবে সেটাই ব্যবহারযোগ্য; অন্যথা সাধারণ ব্যবস্থার শ্লোকসহ সপ্তাহের দিনটির ২য় পাঠ ব্যবহারযোগ্য। 'তুমি ঈশ্বর' স্তোত্র, সুসমাচার ঘোষণা ও 'প্রশংসার যোগ্য' বাতিল।

ঘ। সমাপন প্রার্থনা বিশেষ।

২। পূর্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ প্রহর সপ্তাহের দিনটির ব্যবস্থা অনুসারে।

৩। রবিবার, মহাপর্ব ও পর্বে ছাড়া ১৭-২৪শে ডিসেম্বর, ভস্মবুধবার, পুণ্য সপ্তাহ এবং জন্মোৎসবের ও পাস্কার অষ্টাহব্যাপীও কোন স্মরণ পালন করা যায় না।

৪। উপরোল্লিখিত কালে বিশেষ কারণবশত কোন স্মরণ পালিত হলে, ব্যবস্থা এরূপ:

ক। **জাগরণীতে** শ্লোকসহ সপ্তাহের দিনটির ২য় পাঠ শেষে, শ্লোকসহ স্মরণের বিশেষ পাঠটাও যোগ দেওয়া হয়। সমাপন প্রার্থনা বিশেষ।

খ। **প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতিতে** সপ্তাহের দিনটির সমাপন প্রার্থনায় স্মরণের বিশেষ (কিংবা সাধারণ) ধুয়ো ও সমাপন প্রার্থনা যোগ দেওয়া হয়।

বিবিধ অনুষ্ঠানের কাঠামো

জাগরণী

ক। এ অনুষ্ঠান দিনের প্রথম অনুষ্ঠান হলে, তবে :
সূচনা : ℣ হে প্রভু, খুলে দাও ··· (পৃঃ ১৪)
আহ্বান সঙ্গীত
স্তোত্র (নির্ধারিত স্তোত্র কিংবা ধর্মীয় কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত স্তোত্র)

খ। এ অনুষ্ঠান দিনের প্রথম অনুষ্ঠান না হলে, তবে :
সূচনা : ℣ দোহাই পরমেশ্বর ··· (পৃঃ ১৪)
স্তোত্র

১ম পর্ব
ধুয়োসহ সামসঙ্গীতমালা
পদ
প্রথম পাঠ
শ্লোক

২য় পর্ব
ধুয়োসহ সামসঙ্গীতমালা
পদ
দ্বিতীয় পাঠ
শ্লোক
জপমালা (কেবলমাত্র সাধারণকালীন সপ্তাহের সাধারণ দিনগুলিতে)

৩য় পর্ব (মহাপর্ব, পর্ব ও রবিবারে)
ধুয়োসহ পুরাতন নিয়মের গীতিকামালা
পদ
তৃতীয় পাঠ
'তুমি ঈশ্বর' স্তোত্র (পৃঃ ১০৬২)
সুসমাচার ঘোষণা (ঘোষণা শেষে, ℟ আমেন)
'প্রশংসার যোগ্য' স্তোত্র (পৃঃ ১০৬২)
'আসুন, প্রার্থনা করি' এবং দীর্ঘ শেষাংশ-সহ (পৃঃ ১৫) সমাপন প্রার্থনা
বিদায় (পৃঃ ১৪)

* রবিবার, পর্ব ও মহাপর্ব উপলক্ষে জাগরণীর তৃতীয় পর্বে এমন সুসমাচার পাঠ করতে হবে যা চলতি পূজনবর্ষের জন্য নির্দিষ্ট সুসমাচার নয়; সুতরাং 'ক' বর্ষে 'খ' কিংবা 'গ' বর্ষের, 'খ' বর্ষে 'ক' কিংবা 'গ' বর্ষের, 'গ' বর্ষে 'ক' কিংবা 'খ' বর্ষেরই সুসমাচার পাঠ করতে হবে।

** জাগরণীতে দু'টো পর্ব মাত্র থাকলে, তবে সমাপন প্রার্থনা ও বিদায় ২য় পর্ব শেষেই স্থান পায়। যখন জপমালা বলা হয়, তখন সমাপন প্রার্থনার আগে 'আসুন, প্রার্থনা করি' বাতিল।

প্রভাতী বন্দনা

ক। এ অনুষ্ঠান দিনের প্রথম অনুষ্ঠান হলে, তবে :
সূচনা : ℣ হে প্রভু, খুলে দাও ··· (পৃঃ ১৪)
আহ্বান সঙ্গীত

খ। এ অনুষ্ঠান দিনের প্রথম অনুষ্ঠান না হলে, তবে :
সূচনা : ℣ দোহাই পরমেশ্বর ··· (পৃঃ ১৪)

স্তোত্র (নির্ধারিত স্তোত্র কিংবা ধর্মীয় কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত স্তোত্র)
ধুয়োসহ সামসঙ্গীতমালা ও পুরাতন নিয়মের গীতিকা
বাণী পাঠ
শ্লোক
ধুয়োসহ জাখারিয়ার গীতিকা (পৃঃ ১০৭০)
মিনতি নিবেদন
প্রভুর প্রার্থনা (পৃঃ ১৬)
দীর্ঘ শেষাংশ-সহ (পৃঃ ১৫) সমাপন প্রার্থনা
বিদায় (পৃঃ ১৪)

পূর্বাহ্ন, মধ্যাহ্ন ও অপরাহ্ন প্রহর

সূচনা : ℣ দোহাই পরমেশ্বর ··· (পৃঃ ১৪)
স্তোত্র (নির্ধারিত স্তোত্র কিংবা ধর্মীয় কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত স্তোত্র)

ধুয়োসহ সামসঙ্গীতমালা
বাণী পাঠ
পদ
‘আসুন, প্রার্থনা করি’ এবং সংক্ষিপ্ত শেষাংশ-সহ (পৃঃ ১৫) সমাপন প্রার্থনা
বিদায় (পৃঃ ১৪)

সন্ধ্যারতি

সূচনা : ℣ দোহাই পরমেশ্বর … (পৃঃ ১৪)
স্তোত্র (নির্ধারিত স্তোত্র কিংবা ধর্মীয় কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত স্তোত্র)
ধুয়োসহ সামসঙ্গীতমালা ও নূতন নিয়মের গীতিকা
বাণী পাঠ
শ্লোক
ধুয়োসহ কুমারী মারীয়ার গীতিকা (পৃঃ ১০৭০)
মিনতি নিবেদন
প্রভুর প্রার্থনা (পৃঃ ১৬)
দীর্ঘ শেষাংশ-সহ (পৃঃ ১৫) সমাপন প্রার্থনা
বিদায় (পৃঃ ১৪)

সমাপ্তি অনুষ্ঠান

সূচনা : ℣ দোহাই পরমেশ্বর … (পৃঃ ১৪)
মন-পরীক্ষা
ক্ষমা-প্রার্থনা
স্তোত্র (নির্ধারিত স্তোত্র কিংবা ধর্মীয় কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত স্তোত্র)
সামসঙ্গীতমালা
বাণী পাঠ
শ্লোক
ধুয়োসহ সিমেয়োনের গীতিকা
‘আসুন, প্রার্থনা করি’ এবং সংক্ষিপ্ত শেষাংশ-সহ (পৃঃ ১৫) সমাপন প্রার্থনা
বিদায় (পৃঃ ৫০২)
কুমারী মারীয়ার উদ্দেশে সমাপ্তি গীতি (পাস্কাকালে : স্বর্গের রানী)

প্রাহরিক অনুষ্ঠান ও খ্রীষ্টযাগ একসঙ্গে পালন করার নিয়ম

১। খ্রীষ্টযাগের আগে প্রাহরিক অনুষ্ঠান

জাগরণী ও সমাপ্তি অনুষ্ঠান ছাড়া, অন্যান্য প্রহরগুলি খ্রীষ্টযাগের সঙ্গে যোগ করা যেতে পারে। নিয়মটা এরূপ :

ক। প্রহরের সূচনা কিংবা স্তোত্র, অথবা (বিশেষভাবে রবিবারে) খ্রীষ্টযাগের প্রবেশিকা গীতি ও পুরোহিতের সম্ভাষণ।

খ। প্রহরের উপযুক্ত সামসঙ্গীতমালা।

গ। খ্রীষ্টযাগের ক্ষমাপ্রার্থনা বাতিল ক’রে (জয় পরমেশ্বর ও) উদ্বোধনী প্রার্থনা ইত্যাদি।

ঘ। খ্রীষ্টযাগ প্রভাতী বন্দনা বা সন্ধ্যারতির সঙ্গে যুক্ত হলে, সার্বজনীন প্রার্থনার সময়ে প্রহরের উপযুক্ত মিনতি নিবেদন ব্যবহার করা যেতে পারে।

ঙ। একই ক্ষেত্রে প্রসাদিকা গীতির পরে, উপযুক্ত ধুয়ো সহ জাখারিয়া বা কুমারী মারীয়ার গীতিকা এবং খ্রীষ্টযাগের সমাপন প্রার্থনা ইত্যাদি।

২। খ্রীষ্টযাগের পরে প্রাহরিক অনুষ্ঠান

প্রভাতী বন্দনা, জাগরণী ও সমাপ্তি অনুষ্ঠান ছাড়া, অন্যান্য প্রহরগুলি খ্রীষ্টযাগের সঙ্গে যোগ করা যেতে পারে। নিয়মটা এরূপ :

ক। খ্রীষ্টযাগের সমাপন প্রার্থনা পর্যন্ত সবকিছু সাধারণ।

খ। সমাপন প্রার্থনা শেষে প্রহরের উপযুক্ত সামসঙ্গীতমালা।

গ। সন্ধ্যারতিতে, ধুয়ো সহ কুমারী মারীয়ার গীতিকা।

ঘ। প্রহরের উপযুক্ত সমাপন প্রার্থনা এবং খ্রীষ্টযাগের রীতি অনুসারে বিদায়।

অনুষ্ঠানাদির সূচনা

দিনের প্রথম অনুষ্ঠান

প্রঃ হে প্রভু, খুলে দাও আমার ওষ্ঠাধর,
উঃ আর আমার মুখ প্রচার করবে তোমার প্রশংসাবাদ। (তিন বার)

অন্যান্য অনুষ্ঠান

প্রঃ দোহাই পরমেশ্বর, আমাকে কর উদ্ধার ;
উঃ আমার সহায়তায় শীঘ্রই এসো, প্রভু।

পিতা ও পুত্র ও পবিত্র আত্মার ··· আমেন। আল্লেলুইয়া।

তপস্যাকালে *'আল্লেলুইয়া'* বর্জনীয়।

অনুষ্ঠানাদির বিদায়

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতি

প্রঃ প্রভু আপনাদের সহায় থাকুন।
উঃ আপনারও সহায় থাকুন।

প্রঃ আসুন, প্রভুকে বলি ধন্য।
উঃ ঈশ্বরকে ধন্যবাদ।

প্রঃ ঐশ সহায়তা আমাদের মাঝে নিত্য বিরাজ করুক।
উঃ আমাদের অনুপস্থিত ভাইদের মাঝেও বিরাজ করুক। আমেন।

ভস্মবুধবারের পূর্ববর্তী মঙ্গলবারের সন্ধ্যারতিতে, পাস্কাপর্বের অষ্টাহব্যাপী যেরূপ বিদায়, তাই পালনীয়।

একজন পুরোহিত বা পরিসেবক পরিচালনা করলে, তবে নিম্নলিখিত বা অন্য সদৃশ আশীর্বাণী কিংবা খ্রীষ্টযাগের আশীর্বাদ উপযুক্ত :

প্রঃ প্রভু আপনাদের সহায় থাকুন।
উঃ আপনারও সহায় থাকুন।

সর্বশক্তিমান ঈশ্বর, পিতা ও পুত্র ও পবিত্র আত্মা আপনাদের আশীর্বাদ করুন।
উঃ আমেন।

অনুষ্ঠান ব্যক্তিগত হলে, তবে :

প্রভু আমাদের আশীর্বাদ করুন এবং সকল অনর্থ থেকে রক্ষা করে অনন্ত জীবনে নিয়ে যান। আমেন।

জাগরণী এবং পূর্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ প্রহরে

প্রঃ আসুন, প্রভুকে বলি ধন্য।
উঃ ঈশ্বরকে ধন্যবাদ।

সামসঙ্গীতের সমাপ্তি স্তুতিবাদ

পিতা ও পুত্র ও পবিত্র আত্মার জয় হউক,
আদিতে যেমন হইত, এখন যেমন হইতেছে,
এবং যুগে যুগে সতত হইবে। আমেন।

উপরোল্লিখিত স্তুতিবাদ ছাড়া নিম্নের স্তুতিবাদও প্রযোজ্য—

১। সামসঙ্গীত বা গীতিকার শেষ অংশ চার পংক্তির হলে, তবে :

সর্বস্রষ্টা পিতা,
বিশ্বত্রাতা পুত্র,
সান্ত্বনাদানকারী পবিত্র আত্মা,
ত্রিত্বের গৌরব হোক চিরকালের মত। আমেন।

২। সামসঙ্গীত বা গীতিকার শেষ অংশ দুই পংক্তির হলে, তবে :

পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক,
যিনি আছেন, যিনি ছিলেন, যিনি আসছেন, সর্বশক্তিমান ঈশ্বর। আমেন।

সমাপন প্রার্থনার শেষাংশ

দীর্ঘ শেষাংশ (জাগরণী, প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতি)

খ্রীষ্ট-নাম উল্লিখিত নয়, পিতার কাছে নিবেদিত তেমন প্রার্থনায় :

পবিত্র আত্মার ঐক্যে তোমার সঙ্গে বিশ্বরাজ ও জীবনেশ্বর রূপে যুগে যুগে বিরাজমান তোমার পুত্র আমাদের প্রভু যীশুখ্রীষ্টের দ্বারা।

শেষের দিকে খ্রীষ্ট-নাম উল্লিখিত, পিতার কাছে নিবেদিত তেমন প্রার্থনায় :

পবিত্র আত্মার ঐক্যে তোমার সঙ্গে বিশ্বরাজ ও জীবনেশ্বর রূপে তিনি যুগে যুগে বিরাজমান।

খ্রীষ্টের কাছে নিবেদিত প্রার্থনায় :

পবিত্র আত্মার ঐক্যে পিতার সঙ্গে বিশ্বরাজ ও জীবনেশ্বর রূপে তুমি যুগে যুগে বিরাজমান।

সংক্ষিপ্ত শেষাংশ (পূর্বাহ্ণ, মধ্যাহ্ন, অপরাহ্ণ প্রহর ও সমাপ্তি অনুষ্ঠান)

খ্রীষ্ট-নাম উল্লিখিত নয়, পিতার কাছে নিবেদিত তেমন প্রার্থনায় :

আমাদের প্রভু সেই খ্রীষ্টের দ্বারা।

শেষের দিকে খ্রীষ্ট-নাম উল্লিখিত, পিতার কাছে নিবেদিত তেমন প্রার্থনায় :

বিশ্বরাজ ও জীবনেশ্বর রূপে তিনি যুগে যুগে বিরাজমান।

খ্রীষ্টের কাছে নিবেদিত প্রার্থনায় :

বিশ্বরাজ ও জীবনেশ্বর রূপে তুমি যুগে যুগে বিরাজমান।

সকল প্রার্থনা শেষে : *উ* আমেন।

মিনতি নিবেদন শেষে প্রভুর প্রার্থনা

হে আমাদের স্বর্গস্থ পিতা,
তোমার নামের পবিত্রতা প্রকাশিত হোক,
তোমার রাজ্যের আগমন হোক,
তোমার ইচ্ছা যেমন স্বর্গে
তেমনি মর্তেও পূর্ণ হোক।

আমাদের প্রয়োজনীয় খাদ্য আজ আমাদের দান কর,
এবং আমাদের অপরাধ ক্ষমা কর,
যেমন আমরাও আমাদের অপরাধীদের ক্ষমা করেছি;
আর আমাদের পরীক্ষার সম্মুখীন হতে দিয়ো না,
কিন্তু সেই ধূর্তজনের হাত থেকে আমাদের নিস্তার কর।

এ গ্রন্থে ব্যবহৃত সঙ্কেতাবলির অর্থ

প্রাক্তন সন্ধি (পুরাতন নিয়ম)

আদি	আদিপুস্তক
ইসা	ইসাইয়া
এজে	এজেকিয়েল
জাখা	জাখারিয়া
জেফা	জেফানিয়া
দা	দানিয়েল
দ্বিঃবিঃ	দ্বিতীয় বিবরণ
১ বংশ	বংশাবলি - ১ম পুস্তক
২ বংশ	বংশাবলি - ২য় পুস্তক
বিলাপ	বিলাপগাথা
১ মাকা	মাকাবীয় বংশচরিত - ১ম পুস্তক
২ মাকা	মাকাবীয় বংশচরিত - ২য় পুস্তক
যাত্রা	যাত্রাপুস্তক
যেরে	যেরেমিয়া
১ রাজা	রাজাবলি - ১ম পুস্তক
২ রাজা	রাজাবলি - ২য় পুস্তক
লেবীয়	লেবীয় পুস্তক
সাম	সামসঙ্গীত-মালা
১ সামু	সামুয়েল - ১ম পুস্তক

২ সামু	সামুয়েল - ২য় পুস্তক
সিরা	বেন-সিরা
হাবা	হাবাকুক
হো	হোসেয়া

নবসন্ধি (নূতন নিয়ম)

এফে	এফেসীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের পত্র
১ করি	করিন্থীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের ১ম পত্র
২ করি	করিন্থীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের ২য় পত্র
কল	কলসীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের পত্র
গা	গালাতীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের পত্র
১ থে	থেসালোনিকীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের ১ম পত্র
২ থে	থেসালোনিকীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের ২য় পত্র
১ পি	প্রেরিতদূত সাধু পিতরের ১ম পত্র
২ পি	প্রেরিতদূত সাধু পিতরের ২য় পত্র
প্রত্যা	প্রত্যাদেশ পুস্তক
ফিলি	ফিলিপ্পীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের পত্র
ফিলে	ফিলেমোনের কাছে প্রেরিতদূত সাধু পলের পত্র
মথি	মথি-রচিত সুসমাচার
মার্ক	মার্ক-রচিত সুসমাচার
যাকোব	প্রেরিতদূত সাধু যাকোবের পত্র
যোহন	যোহন-রচিত সুসমাচার
১ যোহন	প্রেরিতদূত সাধু যোহনের ১ম পত্র
রো	রোমীয়দের কাছে প্রেরিতদূত সাধু পলের পত্র
লুক	লুক-রচিত সুসমাচার
শিষ্য	শিষ্যচরিত
হিব্রু	হিব্রুদের কাছে পত্র

অন্যান্য সঙ্কেতাবলির অর্থ

℣ পদের প্রথম অংশ। আবার, শ্লোক ক্ষেত্রে পরিচালকের অংশ নির্দেশ করে।
℟ পদের দ্বিতীয় অংশ। আবার, অন্যান্য ক্ষেত্রে উত্তর নির্দেশ করে।
† (গানের সময়) তেমন চিহ্নে চিহ্নিত পংক্তি পরবর্তী পংক্তির অংশ বলে বিবেচনাযোগ্য।
> পরবর্তী পৃষ্ঠায় অবশিষ্ট অংশ উপস্থিত।
* -ধুয়ো ক্ষেত্রে এ চিহ্ন পর্যন্ত কেবল পরিচালক পাঠ বা গান করেন।
-আবার, শ্লোক ক্ষেত্রে এ চিহ্ন একটি পংক্তির বিভাগ নির্দেশ করে।

পঞ্জিকা

‘স্মরণ’ উল্লেখ না থাকলে, তা ঐচ্ছিক।

জানুয়ারী

১	জন্মোৎসব-অষ্টাহের অষ্টম দিবস : **ঈশ্বরজননী ধন্যা মারীয়া**	মহাপর্ব
২	মহাপ্রাণ সাধু বাসিল ও নাজিয়াঞ্জুসের সাধু গ্রেগরি, ধর্মপাল ও আচার্য	স্মরণ
৩		
৪		
৫		
৬		
৭	*সাধু রেমণ্ড দ্য পেনাফর্ট, পুরোহিত*	
৮		
৯		
১০	*নিস্যার ধর্মপাল সাধু গ্রেগরি*	
১১		
১২		
১৩	*সাধু হিলারি, ধর্মপাল ও আচার্য*	
১৪		
১৫	সাধু মাউরুস ও প্লাচিদুস, আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের শিষ্য	স্মরণ
১৬		
১৭	সাধু আন্তনি, মঠাধ্যক্ষ	স্মরণ
১৮		
১৯		
২০	*সাধু ফাবিয়ান, পোপ ও সাক্ষ্যমর* *সাধু সেবাস্তিন, সাক্ষ্যমর*	
২১	সাধ্বী আগ্নেস, সাক্ষ্যমর	স্মরণ
২২	*সাধু ভিন্সেন্ট, পরিসেবক ও সাক্ষ্যমর*	
২৩		
২৪	সাধু ফ্রান্সিস দ্য সাল, ধর্মপাল ও আচার্য	স্মরণ
২৫	**প্রেরিতদূত পলের অন্তরে খ্রীষ্টবিশ্বাস-জাগরণ**	পর্ব
২৬	*সাধু রবার্ট, আলবারিক ও স্তেফান, সিতোর মঠাধ্যক্ষ*	
২৭	*সাধু তিমথি ও তীত, ধর্মপাল* *সাধ্বী আঞ্জেলা মেরিচি*	
২৮	আকুইনোর সাধু টমাস, পুরোহিত ও আচার্য	স্মরণ
২৯		
৩০		
৩১	সাধু জন বস্কো, পুরোহিত	স্মরণ

২রা জানুয়ারীর পরবর্তী রবিবার : **প্রভুর আত্মপ্রকাশ** মহাপর্ব

আত্মপ্রকাশ মহাপর্বের পরবর্তী রবিবার : **প্রভুর দীক্ষাস্নান** পর্ব

ফেব্রুয়ারী

১		
২	**প্রভু-নিবেদন**	পর্ব
৩	*সাধু ব্লেস, ধর্মপাল ও সাক্ষ্যমর* *সাধু আঁসগার, ধর্মপাল*	
৪		
৫	সাধ্বী আগাথা, চিরকুমারী ও সাক্ষ্যমর	স্মরণ
৬	সাধু পল মিকি ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর	স্মরণ
৭		
৮	*সাধু যেরোম এমিলিয়ান*	
৯		
১০	**সাধ্বী স্কলাস্তিকা,** চিরকুমারী	পর্ব
১১	*আনিয়ানের সাধু বেনেডিক্ট, মঠাধ্যক্ষ* *লুর্দ তীর্থের ধন্যা মারীয়া*	
১২		
১৩		

১৪ মঠাশ্রমী সাধু সিরিল ও ধর্মপাল সাধু মেথোদিউস স্মরণ
১৫
১৬
১৭ *মারীয়াসেবক সঙ্ঘের সপ্ত প্রতিষ্ঠাতা*
১৮
১৯
২০
২১ *সাধু পিতর দামিয়ান, ধর্মপাল ও আচার্য*
২২ **প্রেরিতদূত সাধু পিতরের ধর্মাসন** পর্ব
২৩ সাধু পলিকার্প, ধর্মপাল ও সাক্ষ্যমর স্মরণ
২৪
২৫
২৬
২৭
২৮

মার্চ

১
২
৩
৪ *সাধু কাসিমির*
৫
৬
৭ সাধ্বী পের্পেতুয়া ও ফেলিসিতা, সাক্ষ্যমর স্মরণ
৮ *দেবদাস যোহন, ধর্মব্রতী*
৯ *সাধ্বী ফ্রান্সিস্কা রোমানা, ধর্মব্রতিনী*
১০
১১
১২
১৩
১৪
১৫
১৬
১৭ *সাধু পাট্রিক, ধর্মপাল*
১৮ *যেরুসালেমের ধর্মপাল সাধু সিরিল, আচার্য*
১৯ **সাধু যোসেফ,** ধন্যা কুমারী মারীয়ার স্বামী মহাপর্ব
২০
২১ **আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের উত্তরণ** পর্ব
২২
২৩ *সাধু তুরিবিয়াস দ্য মন্গ্রভেজো, ধর্মপাল*
২৪
২৫ **প্রভুর আগমন-সংবাদ** মহাপর্ব
২৬
২৭
২৮
২৯
৩০
৩১

এপ্রিল

১
২ *পাওলার সাধু ফ্রান্সিস, বিজনাশ্রমী*
৩
৪ *সাধু ইসিদোর, ধর্মপাল ও আচার্য*
৫ *সাধু ভিন্সেণ্ট ফেরের, পুরোহিত*
৬
৭ *সাধু জন ব্যাপ্টিস্ট দ্য লা সাল, পুরোহিত*
৮
৯

১০
১১ *সাধু স্তানিস্লাস, ধর্মপাল ও সাক্ষ্যমর*
১২
১৩ *পোপ প্রথম মার্টিন, সাক্ষ্যমর*
১৪
১৫
১৬
১৭
১৮
১৯
২০
২১ সাধু আন্সেল্‌মো, ধর্মপাল ও আচার্য স্মরণ
২২
২৩ *সাধু আদালবার্ট, ধর্মপাল ও সাক্ষ্যমর*
সাধু জর্জ, সাক্ষ্যমর
২৪ *সিগ্‌মারিঙ্গেনের সাধু ফিদেলিস, পুরোহিত ও সাক্ষ্যমর*
২৫ **সাধু মার্ক,** সুসমাচার-রচয়িতা পর্ব
২৬
২৭
২৮ *সাধু পিতর শানেল, পুরোহিত ও সাক্ষ্যমর*
২৯ *সিয়েনার সাধ্বী কাথারিনা, চিরকুমারী ও মহাচার্যী*
৩০ *পোপ পঞ্চম পিউস*

মে

১ *আদর্শ কর্মী সাধু যোসেফ*
২ সাধু আথানাসিউস, ধর্মপাল ও আচার্য স্মরণ
৩ **সাধু ফিলিপ ও যাকোব,** প্রেরিতদূত পর্ব
৪
৫
৬
৭
৮
৯
১০
১১ সাধু অদো, মাইওলুস, অদিলো, হুগো ও পূজনীয় পিতর, ক্লুনির মঠাধ্যক্ষ
স্মরণ
১২ *সাধু নেরেউস ও আখিলেউস, সাক্ষ্যমর*
সাধু পানক্রাস, সাক্ষ্যমর
১৩
১৪ **সাধু মাথিয়াস,** প্রেরিতদূত পর্ব
১৫ সাধু পাখমিওস, মঠাধ্যক্ষ স্মরণ
১৬
১৭
১৮ *পোপ প্রথম যোহন, সাক্ষ্যমর*
১৯ *সাধু পিতর চেলেস্তিনুস, পোপ ও বিজনাশ্রমী*
২০ *সিয়েনার সাধু বার্ণাডিন, পুরোহিত*
২১
২২
২৩
২৪
২৫ সাধু বীড, পুরোহিত ও আচার্য স্মরণ
পোপ সপ্তম গ্রেগরি
সাধ্বী মাগদালেনা দ্য পাজ্জি, চিরকুমারী
২৬ সাধু ফিলিপ নেরি, পুরোহিত স্মরণ
২৭ ক্যাণ্টারবেরির ধর্মপাল সাধু আগস্তিন স্মরণ
২৮
২৯
৩০
৩১ **শুভ সাক্ষাৎ** পর্ব

পঞ্চাশত্তমী পর্বের পরবর্তী রবিবার : **পরমারাধ্য ঐশত্রিত্ব** মহাপর্ব
পরম ত্রিত্ব মহাপর্বের পরবর্তী রবিবার : **খ্রীষ্টের দেহরক্ত** মহাপর্ব
খ্রীষ্টের দেহরক্ত মহাপর্বের পরবর্তী শুক্রবার : **যীশুহৃদয়** মহাপর্ব
যীশুহৃদয় মহাপর্বের পরবর্তী শনিবার : *নির্মলহৃদয়া মারীয়া*

জুন

১ সাধু জাস্টিন, সাক্ষ্যমর স্মরণ
২ *সাধু মার্সেলিন ও পিতর, সাক্ষ্যমর*
৩ সাধু চার্লস্ লুয়াঙ্গা ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর স্মরণ
৪
৫ সাধু বনিফাস, ধর্মপাল ও সাক্ষ্যমর স্মরণ
৬ *সাধু নরবার্ট, ধর্মপাল*
৭
৮
৯ *সাধু এফ্রেম, পরিসেবক ও আচার্য*
১০
১১ সাধু বার্নাবাস, প্রেরিতদূত স্মরণ
১২
১৩ পাদুয়ার সাধু আন্তনি, পুরোহিত ও আচার্য স্মরণ
১৪
১৫
১৬
১৭
১৮
১৯ *সাধু রমুয়াল্ড, মঠাধ্যক্ষ*
২০
২১ সাধু আলুইস গঞ্জাগা, ধর্মব্রতী স্মরণ
২২ *নোলার সাধু পাউলিনুস*
ধর্মপাল সাধু জন ফিশার ও সাধু টমাস মোর, সাক্ষ্যমর
২৩
২৪ **দীক্ষাগুরু যোহনের জন্মতিথি** মহাপর্ব
২৫
২৬
২৭ *আলেক্‌জান্দ্রিয়ার ধর্মপাল সাধু সিরিল, আচার্য*
২৮ সাধু ইরেনেউস, ধর্মপাল ও সাক্ষ্যমর স্মরণ
২৯ **প্রেরিতদূত সাধু পিতর ও পল** মহাপর্ব
৩০ *রোম মণ্ডলীর প্রথম সাক্ষ্যমরবৃন্দ*

জুলাই

১
২
৩ **সাধু টমাস,** প্রেরিতদূত পর্ব
৪ *পোর্তুগালের রানী সাধ্বী এলিজাবেথ*
৫ *সাধু আন্তনি-মেরী জাখারিয়া, পুরোহিত*
৬ *সাধ্বী মারীয়া গরেত্তি, চিরকুমারী ও সাক্ষ্যমর*
৭
৮
৯
১০
১১ **আমাদের পুণ্য পিতা বেনেডিক্ট,** মঠাধ্যক্ষ মহাপর্ব
১২ *সাধু যোহন গুয়ালবের্ট, মঠাধ্যক্ষ*
১৩ *সাধু হেনরি*
১৪ *সাধু কামিলুস দ্য লেলিস্, পুরোহিত*
১৫ সাধু বনাভেন্তুরা, ধর্মপাল ও আচার্য স্মরণ
১৬ *কার্মেল রানী মারীয়া*
১৭
১৮
১৯
২০

২১ *ব্রিন্দিসির সাধু লরেন্স, পুরোহিত ও আচার্য*
২২ সাধ্বী মারীয়া মাগদালেনা স্মরণ
২৩ *সাধ্বী ব্রিজিতা, ধর্মব্রতিনী*
২৪
২৫ **সাধু যাকোব,** প্রেরিতদূত পর্ব
২৬ সাধু যোয়াকিম ও সাধ্বী আন্না, কুমারী মারীয়ার জনক-জননী স্মরণ
২৭
২৮
২৯ সাধ্বী মার্থা, মারীয়া ও সাধু লাজার, প্রভুর অতিথিসেবক স্মরণ
৩০ *সাধু পিতর খ্রীসোলগ, ধর্মপাল ও আচার্য*
৩১ সাধু ইগ্নাস লয়োলা, পুরোহিত স্মরণ

আগস্ট

১ সাধু আল্ফন্সো-মারীয়া দ্য লিগরি, ধর্মপাল স্মরণ
২ *ভের্চেলির ধর্মপাল সাধু এউসেবিউস*
৩
৪ সাধু জন-মেরী ভিয়ানে, পুরোহিত স্মরণ
৫ *রোমে মারীয়ার নামে নিবেদিত মহাগির্জার প্রতিষ্ঠাদিবস*
৬ **প্রভু যীশুর দিব্য রূপান্তর** পর্ব
৭ *পোপ দ্বিতীয় সিক্সতুস ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর*
সাধু কাজেতান, পুরোহিত
৮ সাধু দমিনিক, পুরোহিত স্মরণ
৯
১০ **সাধু লরেন্স,** পরিসেবক ও সাক্ষ্যমর পর্ব
১১ সাধ্বী ক্লারা, চিরকুমারী স্মরণ
১২
১৩ *পোপ পন্তিয়ানুস ও পুরোহিত হিপলিতুস, সাক্ষ্যমর*
১৪ সাধু মাক্সিমিলিয়ান মারীয়া কলবে, পুরোহিত ও সাক্ষ্যমর স্মরণ
১৫ **ধন্যা কুমারী মারীয়ার স্বর্গোন্নয়ন** মহাপর্ব
১৬ *হাঙ্গেরীর রাজা সাধু স্তেফান*
১৭
১৮
১৯ *সাধু বার্নার্ড দ্য তলমেই, মঠাধ্যক্ষ*
সাধু যোহন ইউডিস, পুরোহিত
২০ সাধু বার্নার্ড, মঠাধ্যক্ষ ও আচার্য স্মরণ
২১ পোপ দশম পিউস স্মরণ
২২ বিশ্বরানী মারীয়া স্মরণ
২৩ *লিমার সাধ্বী রোজী, চিরকুমারী*
২৪ **সাধু বার্থলমেয়,** প্রেরিতদূত পর্ব
২৫ *ফ্রান্সের রাজা সাধু লুইস*
সাধু যোসেফ কালাসাঞ্জ, পুরোহিত
২৬
২৭ সাধ্বী মণিকা স্মরণ
২৮ সাধু আগস্তিন, ধর্মপাল ও আচার্য স্মরণ
২৯ দীক্ষাগুরু যোহনের সাক্ষ্যমরণ স্মরণ
৩০
৩১

সেপ্টেম্বর

১
২
৩ **মহাপ্রাণ সাধু গ্রেগরি,** পোপ ও আচার্য পর্ব
৪
৫
৬
৭
৮ **ধন্যা কুমারী মারীয়ার জন্মতিথি** পর্ব
৯
১০

১১
১২
১৩ সাধু যোহন খ্রীসোস্তম, ধর্মপাল ও আচার্য স্মরণ
১৪ **পবিত্র ক্রুশের বিজয়োৎসব** পর্ব
১৫ শোকার্ত জননী মারীয়া স্মরণ
১৬ পোপ কর্নেলিউস ও ধর্মপাল সিপ্রিয়ান, সাক্ষ্যমর স্মরণ
১৭ *সাধ্বী ইল্ডেগার্ড, চিরকুমারী*
সাধু রবার্ট বেলার্মিন, ধর্মপাল ও আচার্য
১৮
১৯ *সাধু জানুয়ারিউস, ধর্মপাল ও সাক্ষ্যমর*
২০ সাধু আন্দ্রিয় কিম তায়েগং, পুরোহিত, পল চং হাসাং,
ও তাঁদের সাক্ষ্যমর-সঙ্গীরা স্মরণ
২১ **সাধু মথি,** প্রেরিতদূত ও সুসমাচার-রচয়িতা পর্ব
২২
২৩
২৪
২৫ সাধু যোসেফ বেনেডিক্ট দুসমে, ধর্মপাল স্মরণ
২৬ *সাধু কসমাস ও দামিয়ান, সাক্ষ্যমর*
২৭ সাধু ভিন্সেন্ট দ্য পল, পুরোহিত স্মরণ
২৮ *সাধু লরেন্স রুইজ ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর*
সাধু ভেন্সেস্লাস, সাক্ষ্যমর
২৯ **মহাদূত মিখায়েল ও স্বর্গদূতবৃন্দ** পর্ব
৩০ সাধু যেরোম, পুরোহিত ও আচার্য স্মরণ

অক্টোবর

১ **বালক-যীশু-ভক্তা তেরেজা,** চিরকুমারী ও আচার্যা,
বাণীপ্রচারকদের প্রতিপালিকা পর্ব
২ রক্ষীদূতবৃন্দ স্মরণ
৩
৪ আসিসির সাধু ফ্রান্সিস স্মরণ
৫
৬ সাধু ব্রুনো, নির্জনবাসী স্মরণ
৭ জপমালা রানী মারীয়া স্মরণ
৮
৯ *ধর্মপাল সাধু ডেনিস্‌ ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর*
সাধু যোহন লেওনার্দি, পুরোহিত
১০
১১
১২
১৩
১৪ *পোপ প্রথম কালিস্তো, সাক্ষ্যমর*
১৫ আভিলার সাধ্বী তেরেজা, চিরকুমারী ও আচার্যা স্মরণ
১৬ *সাধ্বী হেডুইগ, ধর্মব্রতিনী*
সাধ্বী মার্গারেট মেরী আলাকক, চিরকুমারী
১৭ আন্তিওখিয়ার ধর্মপাল সাধু ইগ্নাস, সাক্ষ্যমর স্মরণ
১৮ **সাধু লুক,** সুসমাচার-রচয়িতা পর্ব
১৯ *সাধু যোহন দ্য ব্রেবাফ ও ইসায়াক যোগ, পুরোহিত,*
ও তাঁদের সাক্ষ্যমর-সঙ্গীরা
ক্রুশভক্ত পল, পুরোহিত
২০
২১
২২
২৩ *কাপেস্ত্রানোর সাধু যোহন, পুরোহিত*
২৪ *সাধু আন্তনি-মেরী ক্লারেৎ, ধর্মপাল*
২৫
২৬
২৭
২৮ **সাধু সিমোন ও যুদা,** প্রেরিতদূত পর্ব
২৯

৩০
৩১

নভেম্বর

১ **নিখিল সাধুসাধ্বী** মহাপর্ব
২ পরলোকগত ভক্তবৃন্দের স্মরণ
৩ *সাধু মার্টিন দ্য পরেস, ধর্মব্রতী*
৪ সাধু চার্ল্‌স বরমেয়ো, ধর্মপাল স্মরণ
৫
৬
৭
৮
৯ **লাতেরান মহাগির্জার প্রতিষ্ঠাদিবস** পর্ব
১০ মহাপ্রাণ সাধু লিও, পোপ ও আচার্য স্মরণ
১১ **তুরের ধর্মপাল সাধু মার্টিন** পর্ব
১২ *স্তুদিওর সাধু থেওদরস, মঠাধ্যক্ষ*
সাধু যোসাফাৎ, ধর্মপাল ও সাক্ষ্যমর
১৩ **নিখিল সাধু সন্ন্যাসী** পর্ব
১৪ পরলোকগত সন্ন্যাসীবৃন্দের স্মরণ
১৫ *মহাপ্রাণ সাধু আলবার্ট, ধর্মপাল ও আচার্য*
১৬ *সাধ্বী গার্ট্রুড, চিরকুমারী*
১৭ *স্কটল্যান্ডের রানী সাধ্বী মার্গারেট*
হাঙ্গেরীর সাধ্বী এলিজাবেথ, ধর্মব্রতিনী
১৮ *সাধু পিতর ও পল মহাগির্জার প্রতিষ্ঠাদিবস*
১৯ *সাধ্বী মেখ্‌তিল্ডা, চিরকুমারী*
২০
২১ বালিকা মারীয়ার নিবেদন স্মরণ
২২ সাধ্বী সেসিলিয়া, চিরকুমারী ও সাক্ষ্যমর স্মরণ
২৩ *পোপ প্রথম ক্লেমেণ্ট, সাক্ষ্যমর*
২৪ *সাধু কলম্বান, মঠাধ্যক্ষ*
২৫ সাধু আন্দ্রিয় দুং লাক, পুরোহিত, ও তাঁর সাক্ষ্যমর সঙ্গীরা
স্মরণ
২৬ *সাধু সিলভেস্তার, মঠাধ্যক্ষ*
২৭
২৮
২৯
৩০ **সাধু আন্দ্রিয়,** প্রেরিতদূত পর্ব
সাধারণকালের ৩৪শ রবিবার : **বিশ্বরাজ যীশুখ্রীষ্ট** মহাপর্ব

ডিসেম্বর

১
২
৩ **সাধু ফ্রান্সিস জেভিয়ার,** পুরোহিত, বাণীপ্রচারকদের প্রতিপালক
মহাপর্ব
৪ *দামাস্কাসের সাধু যোহন, পুরোহিত ও আচার্য*
৫ *সাধু সাবা, মঠাধ্যক্ষ*
৬ *সাধু নিকোলাস, ধর্মপাল*
৭ সাধু আম্ব্রোজ, ধর্মপাল ও আচার্য স্মরণ
৮ ধন্যা কুমারী মারীয়ার অমলোদ্ভব মহাপর্ব
৯
১০
১১ *পোপ প্রথম দামাসুস*
১২ *সাধ্বী জেন ফ্রান্সিস্কা দ্য শাঁতাল, ধর্মব্রতিনী*
১৩ সাধ্বী লুসী, চিরকুমারী ও সাক্ষ্যমর স্মরণ
১৪ ক্রুশভক্ত যোহন, পুরোহিত ও আচার্য স্মরণ
১৫
১৬
১৭
১৮

১৯
২০
২১ *সাধু পিতর কানিসিউস, পুরোহিত ও আচার্য*
২২
২৩ *কেন্তির সাধু যোহন, পুরোহিত*
২৪
২৫ **প্রভুর জন্মোৎসব** মহাপর্ব
২৬ **সাধু স্তেফান,** প্রথম সাক্ষ্যমর পর্ব
২৭ **সাধু যোহন,** প্রেরিতদূত ও সুসমাচার-রচয়িতা পর্ব
২৮ **নিরপরাধী শিশুগণ,** সাক্ষ্যমর পর্ব
২৯ *সাধু টমাস বেকেট, ধর্মপাল ও সাক্ষ্যমর*
৩০
৩১ *পোপ প্রথম সিলভেস্তার*

প্রভুর জন্মোৎসবের পরবর্তী রবিবার, কিংবা
জন্মোৎসব যদি রবিবারদিনেই পড়ে, তবে ৩০শে ডিসেম্বর : **পবিত্র পরিবার** পর্ব